গাংনীতে বিএনপির ৪৮তম প্রতিষ্ঠাবার্ষিকী পালন উপলক্ষে আলোচনা সভা

মেহেরপুরের গাংনীতে বিএনপির প্রতিষ্ঠাবার্ষিকী উপলক্ষে আলোচনা সভা অনুষ্ঠিত হয়েছে। বৃহস্পতিবার দুপুরে গাংনী উপজেলা ও পৌর বিএনপির কার্যালয়ে উপজেলা ও পৌর বিএনপির উদ্যোগে এ আলোচনা সভা অনুষ্ঠিত হয়। আগামী ৫ সেপ্টেম্বর বিএনপির প্রতিষ্ঠাবার্ষিকী পালন করা হবে।

গাংনী উপজেলা বিএনপির সাবেক সিনিয়র সহ-সভাপতি আব্দুর রউফ মাস্টারের সভাপতিত্বে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জেলা বিএনপির সাবেক সভাপতি, সাবেক সাধারণ সম্পাদক ও সাবেক সংসদ সদস্য আমজাদ হোসেন।

অনুষ্ঠান সঞ্চালনা করেন কাথুলী ইউনিয়ন বিএনপির সাবেক সাধারণ সম্পাদক রবিউল ইসলাম রবি।

এ সময় উপস্থিত ছিলেন জেলা কৃষক দলের আহ্বায়ক মাহবুবুর রহমান, রাইপুর ইউনিয়ন বিএনপির সাবেক সভাপতি উপাধ্যক্ষ নাসির উদ্দিন, সাবেক কাউন্সিলর আব্দুল্লাহিল মারুফ পলাশ, বিএনপি নেতা আবু সায়েব পল্টু, সাবেক ইউপি সদস্য শফিকুর রহমান টমা, ধানখোলা ইউনিয়ন বিএনপি নেতা মুস্তাক আহমেদ, নুর ইসলাম, রাশেদ আহমেদ, মুক্তিযোদ্ধা আমিরুল ইসলাম, আব্দুল্লাহ আল শাওন, কাথুলী ইউনিয়নের প্যানেল চেয়ারম্যান হুসাইন মোহাম্মদ, জাসাসের শরীফ আলভী, সাবেক ইউপি সদস্য লিটন, কাথুলী ইউপি বিএনপি নেতা মিজানুর রহমান মিজা, বিএনপির সাবেক দপ্তর সম্পাদক সিরাজুল ইসলামসহ দলটির বিভিন্ন পর্যায়ের নেতাকর্মীরা।

আলোচনা সভায় বক্তারা বিএনপিকে তৃণমূল পর্যায়ে আরও শক্তিশালী ও সুসংগঠিত করার ওপর গুরুত্ব দেন। একই সঙ্গে দলের নেতাকর্মীদের অন্যায়-অনিয়মের বিরুদ্ধে সোচ্চার হওয়ার আহ্বান জানান।

বক্তব্যে আমজাদ হোসেন বলেন, “বিএনপির কমিটি গঠন করে দলকে আরও শক্তিশালী করতে হবে। কার কত ভোট রয়েছে, তা সাংগঠনিকভাবে প্রমাণ করতে হবে। তিনি বলেন, অন্যায়ের প্রতিবাদ করতে হবে, তবে নিজে

কোনো অন্যায় করা যাবে না। কোনো অন্যায়ের অভিযোগ থাকলে তা জানালে প্রতিকার না হলে নেতাকর্মীদের সঙ্গে নিয়ে ব্যবস্থা নেওয়ার আশ্বাস দেন তিনি।”

জেলা কৃষক দলের আহ্বায়ক মাহবুবুর রহমান বলেন, “বিএনপিকে ভোট না দিলে কি বিএনপি থাকা যায় না, বিএনপির করা যায়? একটি মহল বিএনপিকে ভোট না দিয়েও দলের পদ-পদবি ব্যবহার করে সুযোগ-সুবিধা নেওয়ার চেষ্টা করছেন।”

আলোচনা সভায় বিএনপির প্রতিষ্ঠার ইতিহাস, দলের সাংগঠনিক কার্যক্রম এবং ভবিষ্যৎ কর্মপরিকল্পনা নিয়ে আলোচনা করা হয়।

শেষে আগামী ৫ সেপ্টেম্বর বিএনপির প্রতিষ্ঠাবার্ষিকী পালন উপলক্ষে নেতাকর্মীরা দলকে আরও সুসংগঠিত ও শক্তিশালী করার প্রত্যয় ব্যক্ত করেন।

মেহেরপুরে এসপির নামে চাঁদাবাজি চক্রের ২ সদস্য গ্রেপ্তার

খুলনার সাবেক পুলিশ সুপার (এসপি) তাজুল ইসলামের নাম ও পরিচয় ব্যবহার করে হোয়াটসঅ্যাপে চাঁদা দাবি ও প্রতারণার অভিযোগে সংঘবদ্ধ চক্রের দুই সদস্যকে গ্রেপ্তার করেছে জেলা গোয়েন্দা (ডিবি) পুলিশ।

বুধবার রাত সাড়ে ১১টার দিকে মেহেরপুর শহরের ঘোষপাড়া এলাকায় অভিযান চালিয়ে জিহাদ নামে এক যুবককে গ্রেপ্তার করে ডিবি পুলিশ। তিনি ওই এলাকার নুর ইসলামের ছেলে। এর আগে শহরের মহিলা কলেজ এলাকা থেকে একই চক্রের আবির নামে অপর এক সদস্যকে আটক করা হয়েছিলো। আবির বর্তমানে দুই দিনের পুলিশ রিমান্ডে রয়েছে।

প্রতারণার মামলাটির তদন্তকারী কর্মকর্তা আলীরাজ বিশ্বাস গ্রেপ্তার ও রিমান্ডের বিষয়টি নিশ্চিত করেছেন।

ডিবি পুলিশ সূত্রে জানা গেছে, জিহাদের ভাই বিপুল দীর্ঘদিন ধরে প্রবাসে অবস্থান করছেন। সেখান থেকেই মেহেরপুরে অবস্থানরত কয়েকজনের সঙ্গে যোগসাজশে প্রতারণার মাধ্যমে অর্থ আত্মসাতের একটি সিন্ডিকেট গড়ে তোলেন তিনি। সম্প্রতি প্রতারণার নতুন কৌশল হিসেবে খুলনার সাবেক এসপি তাজুল ইসলামের নাম ও পরিচয় ব্যবহার করে মেহেরপুরের কয়েকজনের কাছে মোটা অঙ্কের চাঁদা দাবি শুরু করে চক্রটি।

চক্রটি মেহেরপুরের আবির ও সুজন নামে দুই যুবকের মাধ্যমে স্থানীয়ভাবে সিম সংগ্রহের পরিকল্পনা করে। পরে সুজন এক সিম বিক্রেতার কাছ থেকে কৌশলে ১৮টি সচল সিম সংগ্রহ করে জিহাদের কাছে হস্তান্তর করেন। এসব সিমের একটি নম্বর ব্যবহার করেই খুলনার সাবেক এসপির পরিচয়ে চাঁদা দাবি করা হচ্ছিল বলে জানিয়েছে পুলিশ।

চাঁদাবাজির বিষয়টি নিশ্চিত হওয়ার পর তথ্যপ্রযুক্তির সহায়তায় নম্বরটির অবস্থান শনাক্ত করে ডিবির একটি বিশেষ দল। পরে অভিযান চালিয়ে জিহাদ ও আবিরকে গ্রেপ্তার করা হয়। পুলিশের ধারণা, গ্রেপ্তার দুজনের পাশাপাশি এই চক্রে আরও কয়েকজন জড়িত থাকতে পারে। তাদের শনাক্ত ও গ্রেপ্তারে তদন্ত অব্যাহত রয়েছে।

মেহেরপুর জেলা পুলিশের মিডিয়া ফোকাল পার্সন ও অতিরিক্ত পুলিশ সুপার জামিনুর রহমান খান বলেন, ‘সংবাদ প্রকাশের পর বিষয়টি গুরুত্বের সঙ্গে নিয়ে তদন্ত শুরু করে জেলা পুলিশ। তথ্যপ্রযুক্তির সহায়তায় প্রতারণায় ব্যবহৃত সিমের সূত্র ধরে চক্রের সদস্যদের শনাক্ত করা হয়। এ ঘটনায় জিহাদকে আটকের মধ্য দিয়ে অন্য জেলার এক পুলিশ সুপারের নাম ভাঙিয়ে প্রতারণা ও চাঁদাবাজির অভিযোগে চক্রের দুই সদস্যকে গ্রেপ্তার করা হয়েছে। পলাতক অপর সদস্যকে গ্রেপ্তারে অভিযান অব্যাহত রয়েছে।’

মেহেরপুরে বিএনপির

প্রতিষ্ঠাবার্ষিকী উপলক্ষে বৃক্ষরোপণ কর্মসূচি

বাংলাদেশ জাতীয়তাবাদী দল (বিএনপি) এর ৪৮তম প্রতিষ্ঠাবার্ষিকী উপলক্ষে কেন্দ্রীয় কর্মসূচির অংশ হিসেবে মেহেরপুর জেলায় বৃক্ষরোপণ কর্মসূচি অনুষ্ঠিত হয়েছে।

আজ বুধবার বিকেলে জেলা বিএনপির আয়োজনে আমঝুপি থেকে ইসলামনগর যাওয়ার রাস্তার দুপাশে এ বৃক্ষরোপণ করা হয়।

অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মেহেরপুর জেলা বিএনপির সাধারণ সম্পাদক অ্যাডভোকেট কামরুল হাসান।

বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন সাবেক সহসভাপতি আলমগীর খান সাতু, সদর উপজেলা বিএনপির সভাপতি ফয়েজ মোহাম্মদ, সাংগঠনিক সম্পাদক ওমর ফারুক লিটন, সদর উপজেলা বিএনপির সাধারণ সম্পাদক সাহিদুল ইসলাম, জেলা জাসাসের সদস্য সচিব এ. বাকাবিল্লাহসহ জেলা, উপজেলা ও ইউনিয়ন পর্যায়ের বিভিন্ন নেতাকর্মী।

এ সময় উপস্থিত নেতাকর্মীরা রাস্তার দুপাশে গাছের চারা রোপণ করেন।

মেহেরপুরে দুটি ছুরি রাখার দায়ে এক ব্যক্তির ৭ বছরের কারাদণ্ড

লোহার তৈরি দুটি ছুরি রাখার দায়ে নুর উস সাফা নামে এক ব্যক্তিকে ৭ বছরের সশ্রম কারাদণ্ড দিয়েছেন মেহেরপুর জেলা ও দায়রা জজ আদালত।

বুধবার (২ সেপ্টেম্বর) বিকেলে মেহেরপুর জেলা ও দায়রা জজ আদালতের বিচারক মো. গোলাম কবির এ রায় ঘোষণা করেন। সাজাপ্রাপ্ত নুর উস

সাফা মেহেরপুর সদর উপজেলার শিংহাটি গ্রামের আব্দুর রহিমের ছেলে।

মামলার বিবরণে জানা গেছে, ২০২৫ সালের ২৪ আগস্ট রাতে বাংলাদেশ সেনাবাহিনীর নেতৃত্বে একটি যৌথ দল গোপন সংবাদের ভিত্তিতে মেহেরপুর সদর উপজেলার শিংহাটি গ্রামে নুর উস সাফার বাড়িতে অভিযান চালায়। এ সময় তাকে আটক করার পর তার দেওয়া তথ্যের ভিত্তিতে বাড়ির শোবার ঘর থেকে লোহার তৈরি দুটি ছুরি উদ্ধার করা হয়।

এ ঘটনায় মেহেরপুর সদর থানার এসআই শফিকুল ইসলাম বাদী হয়ে আর্মস অ্যাক্ট, ১৮৭৮-এর ১৯(এ) ধারায় মামলা করেন। মামলার তদন্তকারী কর্মকর্তা এসআই রেজাউল করিম প্রাথমিক তদন্ত শেষে আদালতে অভিযোগপত্র দাখিল করেন।

মামলায় মোট সাতজন সাক্ষী আদালতে সাক্ষ্য দেন। সাক্ষ্য-প্রমাণ পর্যালোচনা শেষে আদালত নুর উস সাফাকে দোষী সাব্যস্ত করে ৭ বছরের সশ্রম কারাদণ্ডের আদেশ দেন।

মেহেরপুরে অস্বাস্থ্যকর পরিবেশে খাবার তৈরি, ৫ হাজার টাকা জরিমানা

মেহেরপুরে অস্বাস্থ্যকর পরিবেশ ও খাদ্যসামগ্রী সংরক্ষণে অনিয়মের দায়ে একটি হোটেলকে ৫ হাজার টাকা জরিমানা করেছে জাতীয় ভোক্তা- অধিকার সংরক্ষণ অধিদপ্তর।

আজ বুধবার (২ সেপ্টেম্বর) সকাল ১১টা থেকে দুপুর ১২টা পর্যন্ত শহরে তদারকিমূলক অভিযান চালিয়ে হোটেল বাজার এলাকায় এ অভিযান পরিচালনা করা হয়।

অভিযান পরিচালনা করেন জাতীয় ভোক্তা-অধিকার সংরক্ষণ অধিদপ্তর, মেহেরপুর জেলা কার্যালয়ের সহকারী পরিচালক (অতিরিক্ত দায়িত্ব) মোহাম্মদ মামুনুল হাসান।

অভিযান চলাকালে অপরিচ্ছন্নতা ও খাদ্যসামগ্রী সংরক্ষণে অনিয়মের কারণে ভোক্তা-অধিকার সংরক্ষণ আইন, ২০০৯-এর সংশ্লিষ্ট ধারায় মো. সালাউদ্দিনের ‘খাওন হোটেল’কে ৫ হাজার টাকা জরিমানা করা হয়।

এ সময় সংশ্লিষ্ট প্রতিষ্ঠানকে দ্রুত প্রয়োজনীয় পরিচ্ছন্নতা কার্যক্রম সম্পন্ন করার নির্দেশনা দেওয়া হয়।

অভিযানে সার্বিক সহযোগিতা করেন নিরাপদ খাদ্য কর্মকর্তা (অতিরিক্ত দায়িত্ব) মো. রিয়াজ মাহমুদ এবং জেলা পুলিশের একটি দল।

৬১ বছরের পদমর্যাদা ও গ্রেড অবনমনের প্রতিবাদে মেহেরপুরে বিএডিসির অবস্থান কর্মসূচি

বাংলাদেশ কৃষি উন্নয়ন করপোরেশনের (বিএডিসি) কর্মকর্তা- কর্মচারীদের দীর্ঘদিনের বিদ্যমান পদমর্যাদা ও গ্রেড অবনমন করে বেতন স্কেল ভেটিংয়ের উদ্যোগের প্রতিবাদে মেহেরপুরে কর্মবিরতি ও অবস্থান কর্মসূচি পালন করা হয়েছে।

বুধবার (২ সেপ্টেম্বর) সকাল ৯ টা থেকে দুপুর ১২ ঘটিকা পর্যন্ত কর্মবিরতি এবং সকাল ১১ থেকে দুপুর ১২ টা পর্যন্ত অবস্থান কর্মসূচি মেহেরপুর বিএডিসি কার্যালয় প্রাঙ্গণে এ কর্মসূচি পালন করেন কর্মকর্তা-কর্মচারীরা।

বিএডিসির সবজি বীজ বিভাগের উপপরিচালক মো. হাফিজুল ইসলামের সভাপতিত্বে কর্মসূচিতে বক্তব্য দেন সবজি বীজ খামার, আমঝুপির উপপরিচালক গোলক নাথ (বণিক), বিএডিসি খামার বারাদীর উপপরিচালক মো. হাফিজুল ইসলাম, বীজ প্রক্রিয়াকরণ বিভাগের উপপরিচালক মো. মিনহাজ উদ্দিন আহমেদ (চৌধুরী), আলুবীজ বিভাগের উপপরিচালক মির্জা সাদিকুল ইসলাম, উপপরিচালক মোহাম্মদ জিয়াউর রহমান এবং পরিচালক (ডাল ও তৈলবীজ খামার), আমঝুপি মো. ইকবাল হোসেনসহ কর্মকর্তা- কর্মচারীরা।

বক্তারা বলেন, ১৯৬১ সালে প্রতিষ্ঠার পর থেকেই বিএডিসি দেশের কৃষকদের বীজ, সার ও সেচসেবা সরবরাহে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে আসছে। প্রতিষ্ঠাকালে সংস্থাটিতে প্রায় ২৫ হাজার জনবল থাকলেও ১৯৯৮ সালে জনপ্রশাসন মন্ত্রণালয় ৬ হাজার ৮০০ জনবলের কাঠামো অনুমোদন করে। বর্তমানে অনুমোদিত জনবলের বিপরীতে প্রায় ৩ হাজার ১০০ কর্মকর্তা-কর্মচারী কর্মরত রয়েছেন। সীমিত জনবল দিয়ে সারাদেশে কৃষকদের কাছে বীজ, সার ও সেচসেবা পৌঁছে দিতে হিমশিম খেতে হচ্ছে।

তারা আরও বলেন, দীর্ঘদিন ধরে নিয়োগ ও পদোন্নতি কার্যক্রম নিয়মিত না হওয়ায় কর্মকর্তা-কর্মচারীদের মধ্যে হতাশা ও অসন্তোষ তৈরি হয়েছে। এ পরিস্থিতিতে নিয়োগ ও পদোন্নতি কার্যক্রম নিয়মিত করার লক্ষ্যে সংশ্লিষ্ট পদগুলোর গ্রেডভিত্তিক বেতন স্কেল ভেটিং অনুমোদনের জন্য অর্থ মন্ত্রণালয়ে প্রস্তাব পাঠানো হয়।

কর্মকর্তা-কর্মচারীদের অভিযোগ, গত ৩১ আগস্ট বিদ্যমান বিভিন্ন পদের গ্রেড অবনমন করে ভেটিংয়ের উদ্যোগ নেওয়া হয়েছে। একই সঙ্গে বিএডিসির সদস্য পরিচালক পদগুলোর মধ্যে চারটি পদ সংস্থার নিজস্ব কর্মকর্তাদের মধ্য থেকে পূরণের পরিবর্তে বাইরে থেকে অথবা মন্ত্রণালয় থেকে পূরণের সিদ্ধান্ত নেওয়া হয়েছে। এতে কর্মকর্তা- কর্মচারীদের মধ্যে বিদ্যমান পদমর্যাদা ও সুযোগ-সুবিধা নিয়ে উদ্বেগ তৈরি হয়েছে।

কর্মসূচিতে বক্তারা বলেন, চলতি আমন মৌসুমে কৃষকদের বীজ, সার ও সেচসেবা স্বাভাবিক রাখতে বিএডিসির কার্যক্রম অত্যন্ত গুরুত্বপূর্ণ। তাই বেতন স্কেল ভেটিংয়ের ক্ষেত্রে যে অসংগতি তৈরি হয়েছে, তা দ্রুত নিরসন করা প্রয়োজন। তারা অবিলম্বে বৈষম্যমূলক ভেটিং আদেশ প্রত্যাহার করে বিদ্যমান পদমর্যাদা ও গ্রেড বহাল রাখার দাবি জানান।

কর্মবিরতি ও অবস্থান কর্মসূচিতে বিএডিসির কৃষি, সার, সেচ, অর্থ ও প্রশাসনসহ বিভিন্ন বিভাগের কর্মকর্তা-কর্মচারীরা অংশ নেন। একই দাবিতে সারাদেশের বিএডিসি কার্যালয়েও কর্মসূচি পালিত হচ্ছে বলে জানান সংশ্লিষ্টরা।

ভাঙ্গায় মহাসড়কে প্রাণহানি বাড়ছেই, ৮ মাসে নিহত ৫২

রাজধানী ঢাকার সঙ্গে পদ্মাসেতু হয়ে দক্ষিণ-পশ্চিমাঞ্চলের অন্যতম প্রবেশদ্বার ফরিদপুরের ভাঙ্গা। এখানে গত ৮ মাসে সড়ক দুর্ঘটনায় অন্তত ৫২ জনের মৃত্যু হয়েছে। আহত হয়েছেন ৩ শতাধিক মানুষ। আর গত এক সপ্তাহে সড়ক দুর্ঘটনায় মারা গেছেন ৮ জন।

দুর্ঘটনার প্রধান কারণ হিসেবে স্থানীয়রা বলছেন, এক্সপ্রেসওয়ে ও মহাসড়কে যানবাহনের বেপরোয়া গতি, বিভিন্ন স্থানে সরু সেতু বা কালভার্ট, থ্রি-হুইলার ও মোটরসাইকেলসহ ছোট যানবাহনের আধিক্য, ট্রাফিক আইন অমান্য এবং হাইওয়ে পুলিশের নজরদারির ঘাটতির কথা। ফলে সাধারণ মানুষের জন্য ঢাকা থেকে ভাঙ্গা হয়ে বরিশাল ও খুলনা অভিমুখী মহাসড়কগুলো যেন ‘মৃত্যুফাঁদে’ পরিণত হয়েছে।

এদিকে হাইওয়ে পুলিশ বলছে, দুর্ঘটনা রোধ এবং সড়কে শৃঙ্খলা ফেরাতে তারা কাজ করছে।

স্থানীয়রা জানান, রাজধানী থেকে পদ্মাসেতু হয়ে দক্ষিণ-পশ্চিমাঞ্চলের ২১ জেলার হাজার হাজার ছোট-বড় যানবাহন প্রতিদিন এ পথে চলাচল করছে। এ মহাসড়কে যাতায়াত ব্যবস্থা যতটা সুগম হয়েছে, তার সঙ্গে পাল্লা দিয়ে বাড়ছে প্রাণহানির সংখ্যা। তাদের মতে, সড়ক ভালো হওয়ায় যানবাহনের অতিরিক্ত গতি, কিশোর-তরুণদের বেপরোয়া মোটরসাইকেল চালানো, মহাসড়কে অবৈধ থ্রি-হুইলারের বেপরোয়া চলাচল এবং ট্রাফিক আইন অমান্য করার প্রবণতা দুর্ঘটনার অন্যতম কারণ।

ভাঙ্গা হাইওয়ে পুলিশের তথ্যমতে, চলতি বছরের জানুয়ারিতে ৫ জন, ফেব্রুয়ারিতে ৩ জন, মার্চে ৫ জন, এপ্রিলে ৪ জন, মে মাসে ৯ জন, জুনে ৮ জন, জুলাইয়ে ৬ জন এবং আগস্টে ১১ জন প্রাণ হারিয়েছেন। এর মধ্যে সবচেয়ে বেশি মৃত্যু হয়েছে আগস্ট মাসে। এ নিয়ে গত ৮ মাসে এ মহাসড়কে ৫২ জনের মৃত্যু হয়েছে। আহত হয়েছেন ৩০০ জনের বেশি মানুষ। এ ছাড়া গত এক সপ্তাহে মোটরসাইকেল দুর্ঘটনায় ৮ যুবকের মৃত্যু হয়েছে।

এ মহাসড়কে চলাচলকারী যাত্রী রফিক মোল্লা বলেন, মহাসড়কে ট্রাফিক আইন অমান্য করে বেপরোয়া গতিতে গাড়ি চালানো এবং উঠতি বয়সী কিশোর-তরুণদের বেপরোয়া মোটরসাইকেল চালানোর কারণে অহরহ

দুর্ঘটনা ঘটছে।

বাসচালক সুমন শেখ বলেন, বরিশাল-ঢাকা মহাসড়কসহ বিভিন্ন সড়ক প্রশস্ত হলেও ফরিদপুরের ভাঙ্গা উপজেলার বাবনাতলা এলাকার সেতুসহ চারটি সেতু এখনো প্রশস্ত করা হয়নি। তাই এসব সরু সেতুতে ওঠার সময় মারাত্মক দুর্ঘটনা ঘটছে। এ ছাড়া মহাসড়কে থ্রি-হুইলার, মোটরসাইকেলসহ ছোট যানবাহনের চাপ বেশি থাকায় এটিও দুর্ঘটনার অন্যতম কারণ।

ভাঙ্গা হাইওয়ে থানার ওসি মো. হেলাল উদ্দিন বলেন, সম্প্রতি বেপরোয়া গতির কারণে মোটরসাইকেল দুর্ঘটনা বেড়েছে। উঠতি বয়সি কিশোর ও তরুণরা হেলমেট ছাড়া বেপরোয়া গতিতে মোটরসাইকেল চালানোর কারণে দুর্ঘটনা বেশি ঘটছে।

এ বিষয়ে ফরিদপুরের অতিরিক্ত পুলিশ সুপার (ভাঙ্গা সার্কেল) রেজওয়ান দিপু বলেন, দুর্ঘটনা রোধ ও সড়কে শৃঙ্খলা ফেরাতে জেলা পুলিশ ও হাইওয়ে পুলিশ যৌথভাবে কাজ করে যাচ্ছে ।

গাংনীতে অস্ত্র ঠেকিয়ে ভ্যান ও টাকা ছিনতাই

মেহেরপুরের গাংনীতে গলায় দেশীয় অস্ত্র ধরে ভ্যান ও টাকা ছিনতাইয়ের ঘটনা ঘটেছে। আজ শুক্রবার ভোর রাতে উপজেলার বামন্দী- দেবীপুর সড়কে এ ঘটনা ঘটে। ছিনতাইয়ের শিকার হওয়া তিনজনের বাড়ি উপজেলা কাজীপুর ইউনিয়নের নওদাপাড়া ও দেবীপুর গ্রামে।

স্থানীয়রা জানান, ফজরের আজানের পর এই ধরনের ছিনতাই হবে কেউ ভাবতেও পারেনি। ছিনতাইকারীরা রাস্তায় বাঁশ ঠেকিয়ে গতিরোধ করে দু’টি পাখি ভ্যান ও নগদ টাকা ছিনিয়ে নেয়। এ রাস্তা দিয়ে রাতে চলাচল করা যাত্রীদের জন্য নিরাপদ বলে মনে হয় না। পুলিশের টহল আরো জোরদার করা প্রয়োজন।

ভুক্তভোগী সোহান আলী বলেন, আমরা নওদাপাড়া থেকে ষোলটাকার

উদ্দেশ্যে মাছ ধরার জন্য যাচ্ছিলাম। দেবীপুর থেকে বামন্দীর রাস্তায় ঢুকতেই বাঁশ ঠেকিয়ে আমাদের গতি রোধ করে।আমরা ফজরের আযানের পরপরই যাচ্ছিলাম।তাদের কাছে ধারালো হাঁসুয়া ও লাঠি ছিল। পরে আমাদের মাঠের ভেতর নিয়ে গিয়ে বেধে রেখে ফ্যান নিয়ে চলে যাই।আর আমার কাছে নগদ পাঁচ হাজার ৫০০ টাকা ছিল সেটাও নিয়ে যায় ছিনতাইকারীরা।

তিনি আরও বলেন, ছিনতাইকারী সদস্যদের মুখ বাধা ছিল।ফজরের আজানের পরপরই এমন ঘটনা ঘটবে তা কল্পনাও করতে পারিনি। আমরা ভ্যানে তিনজন ছিলাম। আমাদের মাছধরা জাল আর হাড়ি রেখে যায় ছিনতাইকারীরা।

দেবীপুর গ্রামের মোঃ রুহুল আমিন বলেন, দেবীপুর পার হয়ে একটি কালভার্টের পৌঁছাতেই দুইজন ভ্যানে উঠে পড়ে। আর সামনে দুইজন বাঁশ নিয়ে দাঁড়িয়ে ছিল। আমি ভ্যান ঘোরাতে গেলে তারা লাঠি দিয়ে আমার হাতে জোরালোভাবে দুটি আঘাত করে। তারা সামনে আরো কয়েকজন ছিল। ধারণা করা হচ্ছে ছিনতাইয়ের দলে ৬ থেকে ৭ জন সদস্য ছিল।

পরে আমাকে মাঠের ভিতরে নিয়ে গিয়ে একটি গাছের সাথে বেঁধে রাখে এবং মারধর করে। আমার কাছে থাকা নগদ ৭০০ টাকাও নিয়ে যায়।পরে আমার ডাকাডাকি শুনে এলাকার লোকজন ছুটে এসে আমার হাতের বন্ধন খুলে দেয়।

ঘটনার সত্যতা নিশ্চিত করে বামন্দী ইউনিয়ন পরিষদের প্যানেল চেয়ারম্যান মোঃ শাহ আলম বলেন, শুক্রবার ফজরের আজানের পরপরই বামন্দী – দেবীপুর সড়কে ছিনতাইয়ের ঘটনা ঘটে। সেখান দু’টি পাখি ভ্যান ও নগদ টাকা ছিনিয়ে নেয় ছিনতাইকারীরা।

বামন্দী ক্যাম্পের এসআই মো: জহুরুল ইসলাম বলেন, আমরা ছিনতাইয়ার ঘটনাস্থান পরিদর্শন করেছি। বিষয়টি তাৎক্ষণিক ঊর্ধ্বতন কর্তৃপক্ষকে জানানো হয়েছে। ছিনতাকারীদের সনাক্ত ও আটক করতে কাজ করছে পুলিশ।

মেহেরপুরে বিএনপির ৪৮তম প্রতিষ্ঠাবার্ষিকী উদযাপন

বাংলাদেশ জাতীয়তাবাদী দল (বিএনপি) এর ৪৮তম প্রতিষ্ঠাবার্ষিকী উপলক্ষে মেহেরপুরে বর্ণাঢ্য র্যালি ও সমাবেশ অনুষ্ঠিত হয়েছে। আজ মঙ্গলবার বিকেল ৪টায় মেহেরপুর জেলা পরিষদের সামনে থেকে র্যালিটি শুরু হয়ে শহরের প্রধান প্রধান সড়ক প্রদক্ষিণ করে বড় বাজারে গিয়ে শেষ হয়।

র্যালিতে জেলা, উপজেলা, পৌর ও ইউনিয়ন পর্যায়ের বিএনপির বিপুলসংখ্যক নেতাকর্মী অংশগ্রহণ করেন। এ সময় নেতাকর্মীদের বিভিন্ন স্লোগানে মুখরিত হয়ে ওঠে শহরের প্রধান সড়কগুলো।

র্যালির আগে সংক্ষিপ্ত বক্তব্যে মেহেরপুর জেলা বিএনপির সভাপতি জাভেদ মাসুদ মিল্টন বলেন, ‘আপনাদের লড়াই-সংগ্রামের মধ্য দিয়ে অন্যায়ের বিরুদ্ধে ন্যায় প্রতিষ্ঠিত হয়েছে। আজ আপনারা গণতান্ত্রিক বাংলাদেশে বসবাস করছেন। বিএনপির জন্য আজকের দিনটি অত্যন্ত গুরুত্বপূর্ণ, কারণ এই দিনেই দলটি প্রতিষ্ঠিত হয়েছিল।’

জননেতা তারেক রহমানের নেতৃত্বে দেশকে এগিয়ে নেওয়ার প্রত্যয় ব্যক্ত করে তিনি বলেন, বাংলাদেশের মানুষের বিএনপির প্রতি অনেক প্রত্যাশা রয়েছে এবং গণতন্ত্র প্রতিষ্ঠায় দেশের মানুষ বিএনপির ওপর আস্থা রাখে।

জেলা বিএনপির সাধারণ সম্পাদক অ্যাডভোকেট কামরুল হাসান বলেন, ‘৪৮ বছর আগে বিএনপি প্রতিষ্ঠিত হয়েছিল এমন এক সময়ে, যখন দেশে বিচার ও আইনের শাসন ছিল না, মানুষের জীবনের নিরাপত্তা ছিল না। বর্তমানে বিএনপি বাংলাদেশের সবচেয়ে জনপ্রিয় দল।’

তিনি বলেন, দলের ভারপ্রাপ্ত চেয়ারম্যান তারেক রহমান ঘোষিত ৩১ দফার বিভিন্ন কর্মসূচি বাস্তবায়নের লক্ষ্যে বিএনপি কাজ করছে।

কৃষক কার্ড, ফ্যামিলি কার্ড, মসজিদের ইমাম-মুয়াজ্জিনদের বেতন এবং খাল খননসহ ৩১ দফার কর্মসূচি তারেক রহমানের নেতৃত্বে বাস্তবায়ন করা হবে বলেও তিনি আশাবাদ ব্যক্ত করেন।

র্যালিতে উপস্থিত ছিলেন জেলা বিএনপির সাংগঠনিক সম্পাদক ওমর ফারুক

লিটন, রুমানা আহাম্মেদ, সদর উপজেলা বিএনপির সভাপতি ও পৌর ডিগ্রি কলেজের অধ্যক্ষ ফয়েজ মোহাম্মদ, সাধারণ সম্পাদক শাহিদুল ইসলাম, পৌর বিএনপির সভাপতি আব্দুল লতিব, সাধারণ সম্পাদক অ্যাডভোকেট এহান উদ্দিন মনা, জেলা স্বেচ্ছাসেবক দলের আহ্বায়ক আজমুল হোসেন মিন্টু, জেলা বিএনপির জাসাস সদস্যসচিব এ. বাকা বিল্লাহসহ বিএনপির বিভিন্ন ইউনিটের নেতাকর্মীরা।

জেলা, উপজেলা, পৌর ও ইউনিয়ন পর্যায়ের বিপুলসংখ্যক নেতাকর্মীর অংশগ্রহণে র্যালিটি শহরে উৎসবমুখর পরিবেশ সৃষ্টি করে।

মেহেরপুরে বিএনপির ৪৮তম প্রতিষ্ঠাবার্ষিকী পালন

মেহেরপুরে বাংলাদেশ জাতীয়তাবাদী দল (বিএনপি) এর ৪৮তম প্রতিষ্ঠাবার্ষিকী উপলক্ষে জাতীয় ও দলীয় পতাকা উত্তোলন এবং আলোচনা সভা অনুষ্ঠিত হয়েছে। এ কর্মসূচির আয়োজন করে মেহেরপুর জেলা বিএনপি।

আজ মঙ্গলবার সকাল ১০টার দিকে মেহেরপুর শহরের বোসপাড়া এলাকায় জেলা বিএনপির কার্যালয়ের সামনে জাতীয় সংগীতের তালে তালে জাতীয় পতাকা ও বিএনপির দলীয় পতাকা উত্তোলন করা হয়।

প্রতিষ্ঠাবার্ষিকী উপলক্ষে পতাকা উত্তোলনের পর বৃষ্টির কারণে সংক্ষিপ্ত আলোচনা সভা অনুষ্ঠিত হয়। জেলা বিএনপির সাবেক যুগ্ম আহ্বায়ক ও সাবেক পৌর বিএনপির সভাপতি জাহাঙ্গীর বিশ্বাসের সঞ্চালনায় আলোচনা সভায় বক্তব্য দেন সদর উপজেলা বিএনপির সাবেক সভাপতি অ্যাডভোকেট মারুফ আহমেদ বিজন।

এ সময় উপস্থিত ছিলেন সদর উপজেলা বিএনপির সাবেক সাধারণ সম্পাদক সাইফুল ইসলাম, জেলা যুবদলের সভাপতি জাহিদুল হক জাহিদ, যুগ্ম সাধারণ সম্পাদক সাঈদুর রহমান সুজন, জেলা কৃষক দলের সভাপতি মাহবুবুর রহমান মাহবুব, জেলা জাসাসের আহ্বায়ক অধ্যাপক মাহফুজুর রহমান অশেষ, জেলা জিয়া মঞ্চের আহ্বায়ক কামরুজ্জামান বাবু, সদস্য

সচিব সাইদুর রহমান, জেলা ছাত্রদলের সভাপতি আকিব জাভেদ সেনজিরসহ বিএনপি ও অঙ্গসংগঠনের নেতাকর্মীরা।

আলোচনা সভায় বক্তারা বলেন, বাংলাদেশ জাতীয়তাবাদী দল বিএনপির ৪৮তম প্রতিষ্ঠাবার্ষিকী উপলক্ষে সেপ্টেম্বর মাসজুড়ে নানা কর্মসূচির আয়োজন করা হয়েছে। এর মধ্যে বৃক্ষরোপণ, মাছের পোনা অবমুক্তকরণ, ভৈরব নদ পরিষ্কার-পরিচ্ছন্নতা অভিযান, প্রতিষ্ঠাবার্ষিকী উপলক্ষে মিছিল এবং সভা-সমাবেশের আয়োজন করা হয়েছে।